# সরকারি আইনউদ্দীন কলেজ, মধুখালী, ফরিদপুর

একাদশ শ্রেণি, অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২১ খ্রিঃ

বিষয়ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (সৃজনশীল)

প্রথম ও দ্বিতীয়পত্র

পূর্ণমানঃ ৭০

যেকোন ০৭টি প্রশ্নের উত্তর দাও।

১। খুলনা অঞ্চলের মাটি খুবই উর্বর। কিন্তু প্রতি বছর বন্য হওয়ায় পশুর নদীর পানি ঢুকে এ অঞ্চলের ফসলের ব্যাপক ক্ষতি করে। এ সমস্যা দূর করার জন্য এলাকাবাসী স্থানীয় চেয়ারম্যানের বাসায় একত্রিত হয়। চেয়ারম্যান এলাকাবাসীকে বলেন, প্রাচীন কালেও কোন এক সভ্যতার মানুষেরা এ জাতীয় সংকটের মুখে পড়েছিল। কিন্তু উদ্ভাবনী ক্ষমতা কাজে লাগিয়ে তারা এ সমস্যার মোকাবেলা করেছিল।

(ক) ভূপ্রকৃতিক বৈশিষ্ট্য অনুসারে আরব উপদ্বীপকে কয়ভাগে ভাগ করা হয়েছে? ১

(খ) মিশরকে নীল নদের দান বলা হয় কেন? ২

(গ) এলাকাবাসী কোন সভ্যতার জ্ঞান কাজে লাগিয়ে তাদের এ সমস্যার সমাধান করতে পারে? ব্যাখ্যা দাও। ৩

(ঘ) তারা শুধু সংকট সমাধানের পথ বের করেনি, মানব সভ্যতার ইতিহাসে অনেক গুরুত্বপূর্ণ অবদানও রেখেছে- উক্তিটি মূল্যায়ন কর। ৪

২। দ্বিতীয়বার কন্যাসন্তান জন্ম দেওয়ার স্ত্রীকে তালাক দিয়েছে স্বামী। বদ্যপ্রসূত শিশুর মুখে কীটনাশক ঢেলে তাকে হত্যা করেছে পাষান্ড পিতা। কার্টুনে ভরে স্কুল ছাত্রীর লাশ ফেলে দিয়েছে সন্ত্রাসীরা। পত্রিকায় প্রকাশিত আরও কয়েকটি শিরোনাম পড়ে প্রফেসার আব্দুল করিম ইসলাম পূর্ব আরবের একটি অন্ধকার যুগের কথা মনে পড়ে যায়। সে সময়ের সামাজিক জীবনেও কো এমনই বিপর্যয় নেমে এসেছিল।

(ক) মালা কী? ১

(খ) ইসলাম পূর্ব আরবের মানুষের ধর্ম বিশ্বাস কেমন ছিল? ২

(গ) উদ্দীপকের পত্রিকায় প্রকাশিত শিরোনামের সাথে তোমার পঠিত ইসলাম পূর্ব যুগের সাদৃশ্য নিরুপন কর। ৩

(ঘ) প্রফেসর কেন বলেছেন, সে সময় সামাজিক জীবনেও এমন বিপর্যয় নেমে এসেছিল? ব্যাখ্যা কর। ৪

৩। আমিনুর রহমান সমাজে সকলের নিকট শ্রদ্ধার পাত্র। তিনি এলাকার মসজিদের ইমাম নিযুক্ত হবার পর সমাজের সকল অনৈতিক কর্মকান্ড বন্ধ করতে বলেন। এতে সমাজের এক শ্রেণির লোকের কাছে তিনি শত্রু হয়ে যান। এক পর্যায়ে তাকে শারিরীক ও মানসিক নির্যাতনের শিকার হতে হয়।

(ক) মহানবী (সঃ) কত বছর বয়সে নবুয়ত লাভ করেন? ১

(খ) হিজরত বলতে কী বোঝায়? ২

(গ) মহানবী (সঃ) এর কোন ঘটনার সাথে আমিনুর রহমানের ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) মহানবী (সঃ) উক্ত ঘটনাটি কিভাবে মোকাবেলা করেন? বিশ্লেষণ কর। ৪

৪। রহিম ও করিম ইসলামের এক যুদ্ধ নিয়ে কথা বলছিল। রহিম জানায়, এই যুদ্ধ ছিল মুসলমানতের ইতিহাসের প্রথম যুদ্ধ। করিম বিষয়টির সাথে একমত পোষণ করে এবং বলে, এই যুদ্ধে মুসলমানদের বিজয় অসত্যের ওপর সত্যের এবং বপৌত্তলিকতার ওপর তৌহিদের। এযুদ্ধে কুরাইশদের শক্তি ও অহংকার খর্ব হয়।

(ক) উহুদের যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়? ১

(খ) মদিনা সনদের ৩টি ধারা লেখ। ২

(গ) উদ্দীপকে রহিম কোন যুদ্ধের কথা বলেছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে উল্লেখিত করিমের মতামতটির যথাযর্থতা নিরুপন কর। ৪

৫। মাতৃভূমি ত্যাগ করে মাতুলালয়ের শহরে ধর্মভিত্তিক কর্মকান্ড পরিচালনা ধর্মানুরাগী রাষ্ট্র কায়েম করার পর তার প্রচারিত ধর্মীয় রাষ্ট্রের বুনিয়াদ সুদৃঢ় করার জন্য এবং শহরের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সম্ভাব ও সম্প্রীতি প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে ৪৭টি শর্ত বিশিষ্ট একটি নীতিমালা তৈরি করেন, যা ছিল বিশ্বের সর্বপ্রথম লিখিত দলিল।

(ক) হযরত মুহম্মদ (সঃ) খ্রিষ্টাব্দে হিজরত করেন? ১

(খ) হিলফ-উল-ফুজুল বলতে কী বুঝ? ২

(গ) উদ্দীপকে বর্ণিত নীতিমালার সাথে তোমার পঠিত কোন সনদের সাদৃশ্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত সনদ ছিল পৃথিবীর সর্বপ্রথম লিখিত দলিল- উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

৬। ইসলামের ইতিহাসের শিক্ষক মোঃ আবু তালেব শিক্ষার্থীদের উহুদের যুদ্ধ সংঘটিত

হওয়ার কারণ গুলো লিখতে বললে এক শিক্ষার্থী নিম্নলিখিত কারণ গুলো উল্লেখ করে।

(i) ইহুদিদের কুমন্ত্রনা

(ii) পরাজয়ের প্রতিশোধ গ্রহণ

(iii) কবিদের উৎসাহ দান

(ক) খন্দকের যুদ্ধ কত খ্রিষ্টাব্দে সংঘঠিত হয়? ১

(খ) রিদ্দা যুদ্ধ সম্পর্কে লিখ। ২

(গ) উদ্দীপকে শিক্ষার্থীর উল্লিখিত কারণগুলোর মধ্যে কবিদের উৎসাহ প্রদান সম্পর্কে লিখ। ৩

(ঘ) উদ্দীপকে বর্ণিত কারণগুলো ছাড়াও অন্যান্য কারণ গুলো সংক্ষেপে লিখ। ৪

৭। সুমন তার দাদার কাছ থেকে মুসলমানদের এক যুদ্ধের ইতিহাস শুনছিল। এই যুদ্ধে মহানবি (সঃ) তাঁর দুটি দাঁত হারান। যুদ্ধজয় যখন সুনিশ্চিত, তখন মুসলিম বাহিনী নেতার আদেশ অমান্য করে লুটতরাজে যোগ দেয়। ছত্রভঙ্গ মুসলিম বাহিনী শত চেষ্টায় ও আর একত্রিত হতে পারল না। পরাজিত হয়ে মুসলিম বাহিনী পলায়ন করতে লাগলো।

(ক) হিজরত শব্দের অর্থ কী? ১

(খ) আল আকাবার শপথ বলতে কী বুঝ? ২

(গ) উদ্দীপকে কোন যুদ্ধের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) কী কী ব্যবস্থা গ্রহণ করলে উক্ত যুদ্ধে মুসলমানদের পরাজয় হতো না? তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। মৌসুমী ক সম্রাজ্যের সম্রাজ্ঞী। তার এক সুবাদার তার নিকট আনুগত্যের নিদর্শনস্বরুপ নগদ অর্থসহ বিপুল পরিমান উপঢৌকন পাঠান। কিন্তু পথিমধ্যে উপঢৌকন সমূহ লুণ্ঠিত হলে মৌসুমী সে অঞ্চলের রাজার নিকট ক্ষতিপূরণ দাবি করেন। উক্ত অঞ্চলের রাজা ক্ষতিপূরণ দিতে অস্বীকার করলে সম্রাজ্ঞী ক্ষুব্ধ হন এবং অপমানিত বোধ করেন। তিনি তার ভাইয়ের কন্যা সেতারা বেগমের নেতৃত্বে উক্ত রাজার রাজ্যে অভিযান প্রেরণ করেন।

(ক) তারাইনের দ্বিতীয় যুদ্ধ হয় কত খ্রিষ্টাব্দে? ১

(খ) তারাইনের প্রথম যুদ্ধে ঘুরীর পরাজয়ের কারণ ব্যখ্যা কর। ২

(গ) উদ্দীপকে আরবদের সিন্ধু বিজয়ের কোন কারণ সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

(ঘ) আরবদের সিন্ধু বিজয়ের উক্ত কারণ ব্যতীত আরও কারণ আছে বিশ্লেষণ কর। ৪

৯। সাইফুল ইসলাম নামের জনৈক সুলতান ২৫ বছর ১৫ বার একটি অঞ্চলে অভিযান পরিচালনা করেন এবং প্রতিটি অভিযানে জয়লাভ করেন। একসব অভিযানের ফলে অনেক ধনরাজি সুলতানের হস্তগত হয়।

(ক) রাজা দাহির কে ছিলেন? ১

(খ) শাহনামা সম্পর্কে লিখ। ২

(গ) সাইফুল ইসলামের অভিযানের সাথে সুলতান মাহমুদের ভারত অভিযানের মূল সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

(ঘ) শুধুমাত্র ধনরাজি হস্তগত করার জন্যই সুলতান মাহমুদ ভারতবর্ষ আক্রমণ করেন নাই বিশ্লেষণ কর। ৪

১০। নিজ রাজ্যকে স্বপ্নরাজ্যে পরিণত করার উচ্চাভিলাষ নিয়ে মুসলিম সুলতান "ক" বারবার খ অঞ্চল আক্রমণ করতে থাকেন। তার অন্যতম শেষ্ঠ অভিযান ছিল অফুরন্ত ধনরত্নসমৃদ্ধ একটি ধর্মীয় উপসনালয় আক্রমণ। এ অফিযানে সুলতান অফুরন্ত ধনরত্ন, মনি-মানিক্য ও হীরা-জহরত হস্তগত করেন এবং তা গরিব ও দস্থদের মধ্যে বিলিয়ে দেন এবং এটাই ছিল তার শেষ অভিযান।

(ক) মুহম্মদ বিন কাসিম কে ছিলেন? ১

(খ) সিন্ধু অভিযানের প্রাথমিক ঘটনাবলি কী ছিল? ২

(গ) উদ্দীপকের সুলতানের সাথে সুলতান মাহমুদের কোন অভিযানের সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকের অভিযানটি কোন অর্থে সুলতান মাহমুদের অভিযান থেকে ব্যতিক্রম ধর্মী? বিশ্লেষণ কর। ৪